স্ক্যান করার বদলে, আপনাকে আরেকবার রক্তপরীক্ষা বা আরেকবার গর্ভাবস্থার মূত্রপরীক্ষা করানোর অনুরোধ করা হবে।

যদি আপনার ব্যথা শুরু হয়, তলপেটে (পেটে) ফেঁপে ওঠে, অজ্ঞান হয়ে যান, পায়খানার সময় ব্যথা হয় অথবা কাঁধের পাশে ব্যথা হয়, তাহলে আপনার অবশ্যই হাসপাতাল/দুর্ঘটনা ও জরুরি অবস্থার ইউনিটে যত তাড়াতাড়ি সম্ভব যাওয়া উচিত। আপনার একজন বিশেষজ্ঞ ডাক্তারকে (গাইনোকোলজিস্ট) দিয়ে দেখানো উচিত।

## আমার একটপিক গর্ভাবস্থা হওয়ার সম্ভাবনা কতটা?

সৌভাগ্যের বিষয় হল, প্রাথমিক পর্যায়ে অজানা স্থানে গর্ভধারণ হিসাবে শ্রেণীভুক্ত হওয়া বেশিরভাগ মানুষেরই একটপিক গর্ভাবস্থা থাকে না। প্রায় 10% মানুষের পরবর্তীতে একটপিক গর্ভাবস্থা আছে বলে চিহ্নিত হয়।

## আমার গর্ভাবস্থা ব্যর্থ হলে, তার অর্থ কী আমার একটপিক গর্ভাবস্থা ছিল না?

বেশিরভাগ ক্ষেত্রে অজানা স্থানে গর্ভধারণের ব্যর্থ গর্ভাবস্থায়, ভ্রূণটির সঠিক অবস্থান কোনোদিনই জানা যায় না। বেশিরভাগেরই জরায়ুস্থ (গর্ভের) ভ্রূণ অবস্থায় মারা যায় - গর্ভস্রাব নামেও পরিচিত। আবার আরেকটি আল্ট্রাসাউন্ড পরীক্ষা করলেই একমাত্র একটি ব্যর্থ একটপিক গর্ভাবস্থা সনাক্ত করা সম্ভব, তবে চিকিৎসাগত পরিচর্যার দৃষ্টিভঙ্গি থেকে এটা সাধারণত প্রয়োজন হয় না।

## আপনার আবেগ

রোগনির্ণয় পর্যায়ের মধ্য দিয়ে যাওয়াটা চিন্তার সময় হতে পারে। বারবার হাসপাতালে যাওয়া এবং পরীক্ষা-নিরীক্ষার শারীরিক ধকলের পাশাপাশি, আপনার সাথে যা ঘটছে তা নিয়ে মানসিক দিক থেকেও প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছেন বলে নিজের মনে হবে। বেশিরভাগ মানুষের ক্ষেত্রেই, একটি কঠিন পরিস্থিতির অভিজ্ঞতা হওয়ার সময়, কী হচ্ছে তা বোঝার চেষ্টা করাটা স্বাভাবিক প্রতিক্রিয়া। বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা বোঝার চেষ্টা এবং কেন এখনও নির্দিষ্ট কোনও উত্তর পাওয়া গেল না তা বিভ্রান্তিকর হতে পারে। উত্তর না পাওয়ার পাশাপাশি সামনে কী আছে তা নিয়ে চিন্তার বিষয়টা বিরক্তিকর হতে পারে।

## আপনার সঙ্গীর আবেগ

সঙ্গীদের উপরেও আপনা অজানা স্থানে গর্ভধারণ বিষয়ে চিন্তার প্রভাব পড়তে পারে। তাদের সাথে কী হচ্ছে বোঝার চেষ্টা করার পাশাপাশি, একই সময় আপনাকে শারীরিক ও মানসিকভাবে বিপর্যয়ের মধ্য দিয়ে যেতে দেখে তারা আপনার পাশে থাকারও চেষ্টা করতে পারেন।

আপনার সঙ্গী গর্ভাবস্থাটির সাথে যুক্ত থাকতেও পারেন বা নাও পারেন। তারা বিভ্রান্তি এবং আপনার চিন্তা নিজের চোখে দেখে তাদের নিজস্ব মানসিক আবেগের সাথে সমঝোতার চেষ্টা করতে পারেন। কিছুক্ষেত্রে, একজন সঙ্গীর নজর গর্ভাবস্থার বদলে আপনার দিকেই থাকতে পারে আর সেটা মতানৈক্যের বিষয় হয়ে উঠতে পারে। কখনও কখনও আপনার সঙ্গীর আপনার আবেগ বুঝতে সমস্যা হতে পারে এবং আপনি যেভাবে চাইছেন সেইভাবে আপনার সঙ্গী আপনাকে সমর্থন করছে না বলে আপনি ভাবতে পারেন। সঙ্গীরা "সমস্যা মেটানোর" চেষ্টা করতে পারেন অথবা যা ঘটছে তা নিয়ে কথা বা কঠিন বিষয়টির আলোচনা এড়িয়ে যেতে চাইতে পারে। এর কারণ নয় যে তাদের কিছু যায় আসে না, বরং তারা "সবকিছু আরও ভালো করতে" চান। আপনার প্রতি বিশেষ নজর দেওয়ায়, তাদেরও দেখা হচ্ছে না বা অবহেলা করলে বলে তাদের মনে হতে পারে।

যখন আপনি পারবেন বলে মনে হবে তখন আপনার সঙ্গীর সঙ্গে আপনার নিজের এবং তার দুজনেরই অনুভূতি নিয়ে কথা বলাটা জরুরি। আমরা এখানে অজানা স্থানে গর্ভধারণ নিয়ে বিপর্যয় কাটিয়ে উঠতে সঙ্গীদের সহযোগিতায়তেও আছি।

## কীভাবে একটপিক প্রেগনেন্সি ট্রাস্ট সহযোগিতা করতে পারে

একটপিক প্রেগনেন্সি ট্রাস্ট অজানা স্থানে গর্ভধারণ এবং একটপিক গর্ভাবস্থার মাধ্যমে গর্ভাবস্থার প্রথমদিকের জটিলতায় ভোগা এবং সন্তানহারাদের তথ্য ও সহায়তা দেয়।

EPT-তে, আমাদের মধ্যে অনেকেই একই রকম শারীরিক ও মানসিক আঘাতের মধ্য দিয়ে গেছে, তাই আপনার এবং আপনার প্রিয়জনদের এখন কেমন মনে হচ্ছে তা আমরা বুঝি এবং সেই নিয়ে সহানুভূতিশীল। আপনার একা, বিভ্রান্ত ও বিহ্বল মনে হতে পারে। আপনার অভিজ্ঞতা এবং পরবর্তীতে শারীরিক ও মানসিকভাবে কী হবে সেই সম্বন্ধে প্রশ্ন থাকতে পারে। এখানে আমরা আপনাকে সহায়তার জন্য আছি। আমাদের ওয়েবসাইটে PUL এবং একটপিক গর্ভাবস্থার শারীরিক সুস্থতা ও মানসিক সুস্থতার দিকগুলো নিয়ে আরও তথ্য আছে। ওয়েবসাইটটিতে চিকিৎসাগতভাবে-তত্ত্বাবধান করা বিষয় আছে এবং সাথে আমাদের বিভিন্ন সহযোগী পরিষেবার তথ্যও আছে যেখানে আপনি আপনার অভিজ্ঞতা ভাগ করতে এবং প্রশ্ন জিজ্ঞাসা করতে পারবেন। যদি আমরা সাহায্য করতে পারব বলে আপনার মনে হয়, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন, ইমেল বা ফোন করুন।

আরও তথ্য ও সমর্থনের জন্য অনুগ্রহ করে ectopic.org.uk দেখুন।
wybodaeth a chefnogaeth.

The Ectopic Pregnancy Trust

Publication date: November 2021

Registered with FUNDRAISING REGULATOR

Website: ectopic.org.uk
Helpline: 020 7733 2653
Email: ept@ectopic.org.uk

Registered charity number:1071811

For healthcare professionals: To request further leaflets, please contact leaflets@ectopic.org.uk or call 020 7096 1838 or text to 07537 416085



Bengali

# অজানা স্থানে গর্ভধারণ

Pregnancy of Unknown Location

The Ectopic Pregnancy Trust

আমরা শুনে দুঃখিত যে আপনার স্বাস্থ্যসেবা কর্মী আপনার অজানা স্থানে গর্ভাবস্থা রয়েছে বলে আপনাকে জানিয়েছেন।

এটা মানসিকভাবে কঠিন সময় হয়ে পারে আর অজানা স্থানে গর্ভধারণ নিয়ে আপনার সম্ভবত কিছু প্রশ্নও থাকতে পারে। এই প্রচারপত্রে, আমরা সেই সমস্ত প্রশ্নের কয়েকটি আওতাভুক্ত করার চেষ্টা করেছি যা মাঝে-মাঝেই জিজ্ঞাসা করা হয়।

আপনি আরও তথ্য এবং সহায়তা www.ectopic.org.uk-এ পেতে পারেন।

## অজানা স্থানে গর্ভধারণ কী?

আপনার ট্রান্সভ্যাজাইনাল আল্ট্রাসাউন্ড পরীক্ষা (যেখানে যোনিতে একটি শলা রেখে দেওয়া হয়) হওয়ার সময় আপনি অজানা স্থানে গর্ভধারণ করেছেন বলে চিহ্নিত করা হতে পারে এবং স্ক্যানে গর্ভাবস্থাটি দেখা সম্ভব নাও হতে পারে।

যদি কোনও গর্ভাবস্থা জরায়ু গহ্বরের (গর্ভ) ভিতরে বা বাইরে দেখা না যায় বা যদি সোনোগ্রাফি নিশ্চিত না করে, তাহলে পরিস্থিতিটি অজানা স্থানে গর্ভধারণ বা PUL হিসাবে চিহ্নিত হয়েছে বলে আপনি শুনতে পারেন। এটা বোঝা জরুরি যে PUL কোনও রোগনির্ণয় নয়; নির্দিষ্টভাবে চূড়ান্ত গর্ভাবস্থা চিহ্নিত হওয়ার আগে পর্যন্ত এটা একটা লেভেল। এটাও মনে রাখা জরুরি যে এই শ্রেণীকরণের অর্থ একটপিক গর্ভাবস্থাই আছে বলে মনে করা আবশ্যক নয়, যেহেতু PUL-এর মধ্যে স্বাস্থ্যকর গর্ভাবস্থাও থাকে যা প্রাথমিকভাবে আল্ট্রাসাউন্ডে দেখার জন্য খুবই ছোট হয়, সাথে গর্ভাবস্থার ত্রুটিগুলোও দেখার জন্য খুব ছোট হয়। একটা PUL এর ক্ষেত্রে, hCG (গর্ভাবস্থার মূত্র পরীক্ষার একই হরমোনের পরিমাপ) এবং গর্ভাবস্থার অন্যান্য হরমোন প্রোজেস্টেরন পরীক্ষা করতে রক্ত নেওয়া হবে। প্রথম ফলাফলের উপর নির্ভর করে hCG পরীক্ষাটি 48 ঘন্টা পরে আবার করা হতে পারে এবং গর্ভধারনের স্থানটি নির্ধারণ করতে আবার একটি আল্ট্রাসাউন্ড স্ক্যান করানোর প্রয়োজন আছে কিনা এটি ডাক্তারদের পরিকল্পনায় সাহায্য করবে।

এটার কারণ হল গর্ভধারণের স্থানটি নির্দিষ্টভাবে না জানা পর্যন্ত কিংবা হরমোনের মাত্রা না গর্ভাবস্থার স্বাভাবিক মাত্রায় না কমা পর্যন্ত, একটপিক গর্ভাবস্থার সাথে সংশ্লিষ্ট এমন জটিলতার ঝুঁকি থেকে যায় যা এখনও নির্ধারিত হয়নি। প্রত্যেক 100জন গর্ভবতী প্রাথমিকভাবে একটি PUL হিসাবে শ্রেণীভুক্ত হন, তারমধ্যে প্রায় 12 জন পরবর্তীতে একটপিক হন। জরুরি বিষয় হল, এই 12জনের মধ্যে কিছু জনের কোনও চিকিৎসারই প্রয়োজন হয় না। আপনার ডাক্তাররা সম্ভাব্য চিকিৎসার বিকল্পগুলো নিয়ে আপনার সঙ্গে আলোচনা করবেন।

প্রাথমিক গর্ভধারণের স্থান একটপিক হিসাবে বা জরায়ু গহ্বরের মধ্যে চূড়ান্তভাবে নিশ্চিত না হওয়া পর্যন্ত সমস্ত PUL-র ফলো-আপ করা হবে। কখনও কখনও একটা স্থান নিশ্চিত করা যায় না, যার জন্য একটু বেশি সময়ের জন্য হরমোনের মাত্রা পরীক্ষা চালিয়ে যেতে হয়।

## অজানা স্থানে গর্ভধারণের জন্য কারণগুলো কী?

চারটি প্রধান কারণে আপনি অজানা স্থানে গর্ভধারণ করেছেন বলে শ্রেণীকরণ হতে পারে:

1. স্ক্যান দেখার জন্য আপনার গর্ভাবস্থা খুবই প্রাথমিক অবস্থায় রয়েছে গর্ভাবস্থার মূত্রপরীক্ষাগুলো এখন খুবই সংবেদনশীলভাবে হয় এবং কয়েকটি কোনও পিরিয়ড অনুপস্থিত হওয়ার আগেই গর্ভাবস্থা সনাক্ত করার সুযোগ দেয়। তবে, একটা স্ক্যানে বিশ্বাসজনকভাবে কোনও গর্ভাবস্থা পিরিয়ড না হওয়ার পরে প্রায় ছয় সপ্তাহ পর্যন্ত দেখা যায় না, তাই কিছু দেখার জন্য এটা খুবই প্রাথমিক সময় হতে পারে।

2. আপনার ইতিমধ্যে গর্ভস্রাব হয়ে গিয়ে থাকতে পারে যদি আপনার অত্যধিক মাত্রায় রক্তপাত হয়, পিরিয়ডের মতোই বা তার থেকেও বেশি, তাহলে আপনার ইতিমধ্যে গর্ভস্রাব হয়ে যেতে পারে এবং গর্ভে হয়তো কোনও ভ্রূণ নেই।

3. আপনার একটপিক গর্ভাবস্থা থাকতে পারে, যা স্ক্যানে দেখার জন্য অত্যন্ত প্রাথমিক পর্যায়ে রয়েছে একটপিক গর্ভাবস্থা হয় যখন নিষিক্ত হওয়া একটি ডিম্বাণু (ডিম্বকোষ) জরায়ুর (গর্ভ) গহ্বরের বাইরে স্থিত (আটকে যায়) হয়। গর্ভাবস্থার প্রথমদিকে থাকায়, স্ক্যানে একটপিক গর্ভাবস্থার পরীক্ষা খুবই প্রাথমিক হয়ে যেতে পারে।

4. আপনার একটপিক গর্ভাবস্থা থাকতে পারে যা এখনও ফাইব্রয়েডের কারণে এবং দুর্বল দৃষ্টির কারণে দেখা যায়নি।

## আমার ডাক্তাররা কীভাবে চূড়ান্ত নির্ণয় করবেন?

এটা আপনার আর্লি প্রেগনেন্সি ইউনিট (EPU), আল্ট্রাসাউন্ড ক্লিনিকের অথবা হাসপাতালের স্থানীয় নীতির উপর নির্ভর করে।

সাধারণত, এর মধ্যে রক্তপরীক্ষা এবং আবার একটি আল্ট্রাসাউন্ড পরীক্ষা (স্ক্যান) অন্তর্ভুক্ত থাকে।

ডাক্তাররা এক বা দুটি হরমোন পরীক্ষার জন্য রক্তপরীক্ষা করেন: প্রেগনেন্সি হরমোন যা হিউম্যান ক্রনিক গোনাডোট্রফিন (hCG) নামে পরিচিত এবং সাথে কখনও কখনও প্রজেস্টেরন। কিছু ইউনিট একটি ক্ষেত্রে এই দুটি হরমোনের মাত্রা পরিমাপ করে এবং অন্যরা 48 ঘন্টার বিভেদে hCG-র মাত্রা দেখেন।

যে স্থানেই গর্ভধারণ করুন না করেন তা ব্যতীরেকে সময়ের পূর্বে প্লেসেন্টা তৈরি করার মাধ্যমে গর্ভাবস্থায় hCG হরমোন উৎপাদিত হয়। গর্ভধারণের পরে প্রায় 11 দিনের মধ্যে রক্তপরীক্ষার মাধ্যমে hCG প্রথমে চিহ্নিত করা যেতে পারে এবং স্বাস্থ্যকর গর্ভাবস্থায় গর্ভাবস্থার প্রথম 8 থেকে 11 সপ্তাহের মধ্যে স্বাভাবিকভাবে বেড়ে ওঠে, তারপর গর্ভাবস্থার বাকি সময় মাত্রা ওঠানামা করে। hCG-র কারণেই গর্ভাবস্থার প্রথমদিকে অনেকে ‘সকালের অসুস্থতা’য় ভোগেন। প্রজেস্টেরন হল কর্পাস লুটেয়াম সিস্ট দিয়ে তৈরি হরমোন, যা প্রত্যেকবার ডিম্বোৎপাদনের পরে ডিম্বাশয়ের উপর তৈরি হয়। গর্ভবতী না হলে, প্রজেস্টেরন শুধুমাত্র দুই সপ্তাহের জন্য তৈরি হয়, যার পরে কর্পাস লুটেয়াম সিস্ট অদৃশ্য হয়ে যায়, পিরিয়ড শুধু হয় এবং নতুন চক্র শুরু হয়। গর্ভাবস্থায়, এই সিস্ট গর্ভাবস্থার প্রথম 13 সপ্তাহে থাকার জন্য এবং প্রজেস্টেরন নিঃসরণ করার জন্য সাহায্য করে।

HCG এবং প্রজেস্টেরন একটি PUL নিয়ন্ত্রণের গাইডে ব্যবহৃত হয়। প্রথমবার সাক্ষাতের সময় অনেকে ডাক্তার প্রজেস্টেরনের পরিমাপ করেন, অন্যদিকে hCG এর পরিমাপ প্রথম সাক্ষাতেই করা হয় এবং তারপরে বেশিরভাগ ক্ষেত্রে 48 ঘন্টা পরে। কম প্রজেস্টেরন এবং hCG এর মাত্রা কমার অর্থ হল গর্ভের ভ্রূণ আর বাড়ছে না, অথবা দুঃখজনকভাবে গর্ভের ভ্রূণটির ইতিমধ্যে গর্ভস্রাব হয়ে গেছে।

বেশি প্রজেস্টেরন এবং স্বাভাবিক মাত্রায় hCG বৃদ্ধির ফলাফলে গর্ভস্থিত ভ্রূণ এখনও উপস্থিত আছে, সেটি স্ক্যানে ধরা না পরলেও। এই পরিস্থিতিতে, গর্ভধারণের সম্ভাবনা জরায়ুর সঠিক স্থানেই হওয়ার কথা। মাঝে-মাঝে, যদিও, hCG মাত্রা সর্বোচ্চ মাত্রার থেকে কম বাড়তে পারে আর সেটি একটপিক গর্ভাবস্থার ইঙ্গিত দিতে পারে। আপনার পরিচর্যাকারী ডাক্তার নিরাপদভাবে আপনার পরিচর্যার পরবর্তী ধাপের পরিকল্পনা করতে এই ফলাফলগুলো বুঝিয়ে বলবেন।

একটি একটপিক গর্ভাবস্থার চিকিৎসা করার সেরা পন্থা নির্ধারণে সাহায্যের জন্যও hCG ব্যবহার করা হয়। এই ফলাফলগুলো আপনার ডাক্তার আপনার উপসর্গ এবং আপনার আল্ট্রাসাউন্ডের তথ্য পাশে রেখে মূল্যায়ন করবেন। ফলাফলের উপর নির্ভর করে, আপনাকে উপযুক্ত ব্যবস্থাপনার পরামর্শ দেওয়া হবে।

- স্বাভাবিকভাবে বর্ধিত গর্ভাবস্থার সাথে সঙ্গতি রেখে আপনার হরমোনের মাত্রা বাড়তে পারে, যা স্ক্যানে দেখার জন্য খুবই প্রারম্ভিক পর্যায়। এমনটা ঘটলে, আপনার হরমোনের মাত্রা 1000iu/l বা 1500iu/l এর উপরে চলে গেলে আবার একটি স্ক্যান করতে হবে। গর্ভাবস্থাটি গর্ভের ভিতরে বা বাইরে নির্দিষ্ট হতে পারে, যে কারণে হরমোনের মাত্রা উপযুক্ত মাত্রায় এলে ফলো-আপ স্ক্যান করা জরুরি।

- আপনার হরমোনের মাত্রা অর্ধেকে নেমে আসতে পারে, যা ব্যর্থ গর্ভাবস্থা বা গর্ভস্রাব হওয়ার সম্ভাবনার ইঙ্গিত দেয়।

- আপনার হরমোনের মাত্র ধীরে ধীরে কমতে পারে, একই জায়গায় থাকতে পারে অথবা বাড়তে পারে যা একটপিক গর্ভাবস্থার ইঙ্গিত দেয়।

আপনার স্বাভাবিকভাবে বর্ধিত গর্ভাবস্থা বা একটপিক গর্ভাবস্থা আছে বলে সন্দেহ হলে, গর্ভের ভ্রূণটির স্থান নির্ণয় করতে সাধারণত আপনাকে আবার একটি আল্ট্রাসাউন্ড স্ক্যান করার জন্য হাসপাতাল ফিরে আসার অনুরোধ করা হবে। আল্ট্রাসাউন্ড স্ক্যানের সময় নির্ভর করে আপনার রক্তে hCG মাত্রার উপর, যা আপনার রক্তপরীক্ষার ফলে দেখা যায়।

দুর্ভাগ্যবশত, আপনার hCG মাত্রা কমতে থাকলে, প্রেগনেন্সি হরমোনের মাত্রা নন-প্রেগনেন্ট মাত্রায় নেমেছে কিনা দেখতে আবার আল্ট্রাসাউন্ড